# এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

## চাঁপাইনবাবগঞ্জ

জন সংযোগ বিভাগ

**সংবাদ বিজ্ঞপ্তি**

**তারিখঃ নভেম্বর ০৬, ২০২৫ ইং**

**"এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ-এ ব্যবসায় প্রশাসন অনুষদের ২১তম ব্যাচের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত।"**




অদ্য **নভেম্বর ০৬, ২০২৫ ইং** সকাল ১১:০০ ঘটিকায় এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ (ইবিএইউবি)- এর অডিটোরিয়ামে ব্যবসায় প্রশাসন অনুষদের ২১তম ব্যাচের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ (ইবিএইউবি)- এর **মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ সফিকুল বারী**। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোহাম্মাদ নুরুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যবসায় প্রশাসন অনুষদের ডীন (ভারপ্রাপ্ত), সহযোগী অধ্যাপক ড. এস এম ফরিদুল ইসলাম।

**মাননীয় উপাচার্য মহোদয়** ব্যবসায় প্রশাসন অনুষদের বিদায়ী ছাত্র-ছাত্রীদের উদ্যোক্তা হওয়ার পাশাপাশি আইটিতে দক্ষতা (যেমন: আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স) অর্জনের আহ্বান জানান । উত্তম চরিত্রের মাধ্যমে দেশ ও সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন অনুষদের সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দ। পরিশেষে অনুষ্ঠানের সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে প্রোগ্রামের সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে,

(মো: আব্দুর রহিম)
সিনিয়র সহকারী লাইব্রেরিয়ান
ও
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ